নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ/মাসিক আপডেট/২০২৫/২১৭৩ ২৯ মে ২০২৫

# নোবিপ্রবি প্রশাসনের বিভিন্ন পদক্ষেপ ও উদ্যোগের মাসিক হালনাগাদ তথ্য

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষা ও গবেষণা উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন, সহশিক্ষা কার্যক্রম জোরদার, স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে সচেতনতা সৃষ্টি, ক্রীড়া, বিশ্বের নানা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধিসহ বিভিন্ন বিষয়ে উদ্যোগ গ্রহণ করে। সকল অংশীজনকে অবহিত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এসব উদ্যোগ বাস্তবায়ন করে চলেছে। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগের সংক্ষিপ্ত হালনাগাদ তথ্য পরিবেশিত হলো ঃ

১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা ২ মে ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবির বিভিন্ন কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। ‘বি’ ইউনিটের ২১৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ১৯৭৭ জন, পরীক্ষায় উপস্থিতির হার ৯২ শতাংশ। পরীক্ষা শুরু হলে নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরীক্ষার কেন্দ্রসমূহ পরিদর্শন করেন।



২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে (নোবিপ্রবি) অগ্রণী ব্যাংক পিএলসির সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়েছে। ৪ মে ২০২৫ উপাচার্যের সম্মেলন কক্ষে এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। নোবিপ্রবি ও অগ্রণী ব্যাংকের যৌথ উদ্যোগে নিজস্ব ভবন নির্মাণকল্পে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অগ্রণী ব্যাংক পিএলসি, নোবিপ্রবি শাখা, নোয়াখালীর এ সমঝোতা স্মারকে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী এবং অগ্রণী ব্যাংক পিএলসির পক্ষে স্বাক্ষর করেন উপ-মহাব্যবস্থাপক ও নোয়াখালী অঞ্চল প্রধান জনাব মো. আনোয়ার হোসেন।



৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি'র (জাইকা) প্রধান প্রতিনিধি (বাংলাদেশ অফিস) ইচিগুচি তোমোহিদের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন। ৬ মে ২০২৫ ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে উভয়ের মাঝে এ সাক্ষাত অনুষ্ঠিত হয়। সাক্ষাতকালে উপাচার্য নোবিপ্রবি'র শিক্ষা ও গবেষণার মানোন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ে পানির লবণাক্ততা দূরীকরণে জাইকা প্রধানের সহযোগিতা কামনা করেন। এ সময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল জাইকা প্রধানকে নোবিপ্রবি পরিদর্শনের আমন্ত্রণ জানান।



৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষার বহিঃস্থ কেন্দ্রসমূহ পরিদর্শন করেছেন। ৭ মে ২০২৫ সকালে বহিঃস্থ যে চারটি কেন্দ্রে গুচ্ছ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস করা হয়েছে সেগুলো পরিদর্শন করেন। কেন্দ্রসমূহ হলো- নোয়াখালী সরকারী কলেজ, নোয়াখালী সরকারী মহিলা কলেজ, নোয়াখালী জিলা স্কুল এবং নোয়াখালী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়।



৫. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ইনফরমেশন ও নলেজ ম্যানেজমেন্ট বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৭ মে ২০২৫ নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে আইকিউএসি সম্মেলন কক্ষে "ওয়ার্কশপ অন-এমপাওয়ারিং এলআইএস (LIS) প্রফেশনালস্ থ্রু ক্যাপাসিটি বিল্ডিং ইন ইনফরমেশন এন্ড নলেজ ম্যানেজমেন্ট: এ টেকনোলজিক্যাল পারস্পেকটিভ" শীর্ষক এ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।



৬. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে তুরস্কের অস্তিম তেখনিখ বিশ্ববিদ্যালয়ের (OSTİM Teknik Üniversitesi) প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ০৭ মে ২০২৫ ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় নোবিপ্রবি উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



৭. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-কর্মকর্তা লাউঞ্জ পরিচালনার জন্য মায়া ক্যাটারিং নোয়াখালীর সঙ্গে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ০৮ মে ২০২৫ উপাচার্যের কার্যালয়ে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের উপস্থিতিতে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন রেজিস্ট্রার মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী। অন্যদিকে মায়া ক্যাটারিং এর পক্ষে স্বাক্ষর করেন প্রতিষ্ঠানটির স্বত্ত্বাধিকারী হাসনাত সারওয়ার। প্রতিষ্ঠানটি আগামী দুই বছর লাউঞ্জ পরিচালনার দায়িত্ব পালন করবে। এ সময় অন্যান্যদের মাঝে নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



৮. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের (GST) গুচ্ছভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণির ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষা ০৯ মে ২০২৫ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নোবিপ্রবিসহ জেলার পাঁচটি কেন্দ্রে সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হয়। ‘এ’ ইউনিটের ৮৮৭২ জন পরীক্ষার্থীর মধ্যে উপস্থিত ছিল ৭৬২৩ জন। পরীক্ষায় উপস্থিতির হার ৮৫.৯২ শতাংশ।



৯. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফার্মেসী বিভাগের ১৪ তম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে ১৫ মে ২০২৫ সকালে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১০. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) একাডেমিক ভবন-২ এর নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ৫০০ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন ও ২৫০ কেভিএ জেনারেটর এর উদ্বোধন করা হয়েছে। ২০ মে ২০২৫ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল এর উদ্বোধন করেন।



১১. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষকদের অংশগ্রহণে ওয়ার্কশপ অন ‘একাডেমিক ইফিশিয়েন্সি: ক্যালকুলেটিং টিচিং লোডস এন্ড স্টাফিং নিডস’ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২১ মে ২০২৫ নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স

সেলের (আইকিউএসি) আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সংকট নিরসনে আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



১২. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (নোবিপ্রবি) সাংবাদিক সমিতির (নোবিপ্রবিসাস) আয়োজনে দিনব্যাপী সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণ-২০২৫ অনুষ্ঠিত হয়েছে। ২৪ মে ২০২৫ নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) আয়োজিত এ প্রশিক্ষণে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।




১৩. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৪ তম ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৬ তম জন্মবার্ষিকী উদযাপিত হয়েছে। এ উপলক্ষে ২৬ মে ২০২৫ বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।



ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪